তারিখ 27 SEP 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

দৈনিক খবর

৪।

# জাতীয় ঐকমত্যের মাধ্যমে সন্ত্রাস নির্মূল সম্ভব ঃ শিক্ষক সমিতি

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি এস এম আশরাফ আলী বলেছেন, সকল সংকীর্ণতার উর্ধ্বে থেকে পারস্পরিক সহিষ্ণুতাবোধ ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের পাশাপাশি জাতীয় ঐকমত্য সৃষ্টির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বস্তরের সন্ত্রাস, নৈরাজ্য নির্মূল সম্ভব।

গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশ শিক্ষক সমিতি ঢাকা মহানগরী শাখা আয়োজিত সন্ত্রাস বিরোধী এক সমাবেশে তিনি বক্তব্য রাখছিলেন। মহানগর শিক্ষক সমিতির সভাপতি আবুল হোসেন এতে সভাপতিত্ব করেন।

সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির মহাসচিব নজরুল ইসলাম, খলিলুর রহমান ভুইয়া ও আলাউদ্দিন মিয়া।

সমাবেশে বক্তারা শিক্ষার্থীদের নৈতিক অবক্ষয় রোধে 'নকল-প্রথা' বন্ধ, শিক্ষকদের নিরাপত্তা নিশ্চিতকরণ, সন্ত্রাসীদের কবল থেকে শিক্ষাঙ্গনসমূহকে মুক্ত করার লক্ষ্যে সচেতন নাগরিক ও অভিভাবকদের সোচ্চার হওয়ার আহবান জানান।